

2017

M. A.

4th Semester Examination

BENGALI

PAPER—BNG-401

Full Marks : 40

Time : 2 Hours

*The figures in the right-hand margin indicate full marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। সাহিত্যে রূপান্তর বলতে কী বোঝায়? কোন প্রয়োজনের উপলব্ধি থেকে রবীন্দ্রনাথ তাঁর 'রাজর্ষি' উপন্যাসকে 'বিসর্জন' নাটকে রূপান্তরিত করেছিলেন? এতে আঙ্গিকগত যে সব পরিবর্তন সাধিত হয়েছে তা আলোচনা করো।

২+২+৬.

অথবা

'রাজর্ষি' উপন্যাসে রঘুপতি চরিত্রটি যে রূপে ছিল 'বিসর্জন' নাটকে তার কোন পরিবর্তন ঘটানো হয়েছে কি? যদি পরিবর্তন ঘটে থাকে তবে তা কতটা শিল্প সার্থক হয়েছে বিচার করো।

২+৮

- ২। পাঠান্তর কাকে বলে? 'বঙ্গ দর্শন' পত্রিকায় ও গ্রন্থাকারে প্রকাশিত 'রজনী' উপন্যাসের খণ্ড এবং পরিচ্ছেদ পরিকল্পনায় যে সব পরিবর্তন ঘটানো হয়েছিল সেগুলি আলোচনা করো। ২+৮

অথবা

'বঙ্গদর্শন' পত্রিকায় প্রকাশিত রজনী ও গ্রন্থে প্রকাশিত রজনী চরিত্রের তুলনাত্মক বিচার করো। ১০

- ৩। কথান্তরের গুরুত্ব আলোচনা করে একটি লোককথার কথান্তর বিশ্লেষণ করো। ৪+৬

অথবা

রবীন্দ্রনাথ তাঁর 'ছেলে ডুলানো ছড়া' প্রবন্ধে কথান্তর বিষয়টিকে কোন 'নামে' অভিহিত করেছেন? এ বিষয়ে তাঁর মতামত দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১+৯

- ৪। একজন সার্থক অনুবাদকের গুণাবলী আলোচনা করে অনুবাদের প্রকারভেদগুলি সম্পর্কে আলোচনা করো। ৪+৬

অথবা

নিম্নে উদ্ধৃত সংস্কৃত শ্লোকটির উদ্ধৃত অনুবাদগুলির তুলনামূলক বিচার করে কোন অনুবাদটি অপেক্ষাকৃত উৎকৃষ্ট, তা বিচার করো : ১০

ধুমজ্যোতিঃ সলিলমরুতাং সন্নিপাতঃ কৃ মেঘঃ  
 সন্দেশার্থাঃ কৃ পটুকরণৈঃ প্রাণিভিঃ প্রাপনীয়াঃ।  
 ইত্যৌৎসুক্যাদপরিগণয়ন গুহ্যকস্তং যযাচে  
 কামার্তা হি প্রকৃতি কৃপণাশ্চেতনাচেতনেষু।।

অনুবাদ—১

কোথা মেঘ ধুম-জ্যোতি-জল-বায়ুময়?  
 যোগেন্দ্রিয়-জীব-বাহ্য বার্তা বা কোথায়?  
 না বিচারি ব্যগ্রতার বশে এ বিষয়  
 মেঘের নিকটে যক্ষ প্রার্থনা জানায়।  
 চেতনা চেতন ভেদ বুদ্ধি যারে কয়  
 কামাতুর স্বভাবতঃ হীন তাহে হয়।

অনুবাদ—২

বাতাস, জল ধোঁয়া এবং আলোকের কোথায় মেঘরূপী সমবায়,  
 কোথায় ইন্দ্রিয়ে সুপটু, সজ্ঞান প্রাণীর প্রাপনীয় সমাচার!  
 এ ভেদ ভুলে গিয়ে ব্যগ্র বিরহী সে জানালে মেঘে তার যাচনা,  
 চেতনে-অচেতনে দ্বৈত অবলোপ, তা-ই তো কামুকের স্বাভাবিক।